



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাণিবো/মাধ্য- পনি/৫৬

তারিখ : ২১/১২/২০১৭

বিষয় : ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে

২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু, স্বাভাবিক, সুস্থল পরিবেশে পরিচালনার নিমিত্ত শিক্ষা বোর্ডের 'মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৮' অনুসারে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট পরীক্ষা কেন্দ্র কমিটি গঠনের জন্য নির্দেশনামে তাঁকে অনুরোধ করা হল। কেন্দ্র কমিটি ১ (এক) জন সভাপতি এবং ১৪ (চৌদ্দ) জন সদস্য নিয়ে গঠিত হবে। জেলা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্র কমিটির সভাপতি হবেন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে কেন্দ্র কমিটির সভাপতি হবেন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/প্রথম শ্রেণীর একজন সরকারি কর্মকর্তা।

পরীক্ষা কেন্দ্র কমিটিতে বিভাগীয় সদরে উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, জেলা সদরে জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সদস্য হিসাবে মনোনীত করতে হবে। পরীক্ষা কেন্দ্রের আওতাধীন রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/স্থানীয় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (প্রয়োজনমত) একজন ইউকেলে অফিসার এবং একজন পুলিশের কর্মকর্তা পরীক্ষা কেন্দ্র কমিটিতে সদস্য থাকবেন। এছাড়া, শিক্ষানুরাগী সদস্য সর্বোচ্চ তিনজন সভাপতি কর্তৃক মনোনীত হবেন।

সভাপতি ও সদস্যগণ কর্তৃক 'কেন্দ্র সচিব' মনোনীত হবেন। 'পরীক্ষা কেন্দ্র' হিসাবে বিবেচিত প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। তবে, যেসকল ক্ষেত্রে কেন্দ্র সচিব নির্ধারিত নেই সেক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা 'কেন্দ্র সচিব' হবেন। উল্লেখ্য, কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোত্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি ঐ পরীক্ষায় 'কেন্দ্র সচিব' হতে পারবেন না।

পরীক্ষা কেন্দ্র কমিটির সচিব পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য উপকরণাদি রাজশাহী শিক্ষা বোর্ডের উপকরণ শাখা থেকে সহায় করবেন। পরীক্ষা কেন্দ্র কমিটি গঠনের পর কেন্দ্রজোড়ী গঠিত কমিটির সদস্যবৃন্দের নামের তালিকা জরুরি ভিত্তিতে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট ১৫/০১/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

যে সকল পরীক্ষা কেন্দ্রের প্রশ্নপত্র নিরাপদ হেফাজতের জন্য ট্রেজারী নেই - সে সকল কেন্দ্রের প্রশ্নপত্রের নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, বাণিজ্যিক ব্যাংক/থানার নিরাপত্তা ঘরে রাখার ব্যবস্থা করবেন। ব্যাংক/থানার কর্মকর্তা অবশ্যই প্রশ্নপত্রের গোপনীয়তা সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করবেন।

পরীক্ষার্থীদের নিকট থেকে সংগৃহীত 'কেন্দ্র ফি' পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা পৃষ্ঠিকায় বর্ণিত ৪ এর 'ঙ' উপধারা অনুযায়ী ব্যয় করতে হবে। পরীক্ষা কেন্দ্রের আয়-ব্যয় হিসাব মনোনীত অডিটর দ্বারা অডিট করে অডিট রিপোর্ট পরীক্ষা শেষ হবার ১ (এক) মাসের মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের 'সচিব' ব্যাবস্থার প্রেরণের জন্য অনুরোধ করা হল এবং প্রয়োজনীয় কার্যার্থে পরীক্ষা নিয়ন্ত্রক ব্যাবস্থার অনুলিপি প্রেরণ করতে হবে।

প্রাপক

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

প্রফেসর তরুণ কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ঢ ০৭২১- ৭৭ ৬২ ৩১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৩. সিভিল সার্জন/পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার নির্বাহী অফিসার
৫. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৬. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৭. কেন্দ্র সচিব / অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

.....উচ্চ বিদ্যালয় / কলেজ

ডাক : ..... জেলা : .....। তাঁর বিদ্যালয়কে ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা এবঁগের জন্য পরীক্ষা কেন্দ্র নির্বাচন করা হয়েছে। তাঁকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে যথসময়ে পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পর্ক করতে অনুরোধ করা হল।

৮. অফিস নথি

*২১/১২/১৪*  
হোসনে আরা আরজু

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ঢ ০৭২১- ৭৭ ৫৮ ৫১